

**ঢাকা মেডিকেল
ভূয়া চিকিৎসক
আটক**

নিজস্ব প্রতিবেদক •

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে গতকাল শুক্রবার সকালে রফিকুল ইসলাম (৪০) নামের এক ভূয়া চিকিৎসক আটক হয়েছেন। দায়িত্বরত আনসার সদস্যরা তাকে আটক করে শাহবাগ থানায় সোপর্দ করেন।

হাসপাতাল সূত্র জানায়, গতকাল সকালে রফিকুল ঢাকা মেডিকেলের ২১২ নম্বর ওয়ার্ডে গাইনি বিভাগে ঢোকেন। তিনি চিকিৎসক পরিচয় দিয়ে কয়েকজন রোগী ও তাঁদের স্বজনদের ঢাকা মেডিকেল চিকিৎসায় দেরি হয় বলে জানান। তিনি নিজের চেয়ার ও ক্লিনিক আছে জানিয়ে রোগীদের সেখানে ভর্তি হতে বলেন। কয়েকজন রাজি হলে তাঁদের মধ্যে দুজনের কাছ থেকে প্রায় চার হাজার টাকা নেন তিনি। তাঁর আচরণে দায়িত্বরত আনসার সদস্যদের সন্দেহ হয়। যাচাই করে জানা যায় তিনি চিকিৎসক নন। পরে তাকে থানায় সোপর্দ করা হয়।

শাহবাগ থানার উপপরিদর্শক সূত্রত গোলদার জানান, ওই ঘটনায় থানায় মামলা হয়েছে।